গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
এফ-১/এ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।
[কাস্টমস: ক্লাসিফিকেশন এ্যান্ড এ্যাডভান্স রুলিং শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৬.১৭/ ৭৮ তারিখ: ১৮ জুলাই, ২০২৪ খ্রিঃ।

**কাস্টমস রুলিং (অগ্রিম) নং-০৮/২০২৪**

**বিষয়ঃ আমদানিতব্য Mini Portable Fan নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।**

সূত্রঃ Welcome Trading এর ০১/১১/২০২৩ খ্রিঃ তারিখের দাখিলকৃত আবেদন।

Welcome Trading নামক প্রতিষ্ঠান Mini Portable Fan নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারীর পরিচিতি:

| | |
|---|---|
| আবেদনকারীর নাম | Welcome Trading |
| আবেদনকারীর ঠিকানা | 60, Loyal Street, Patuatuly, Dhaka-1100. |

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

| | |
|---|---|
| পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম | Mini Portable Fan |
| যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে | Solid Form |
| উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন) | China |
| আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণীবিন্যাস | 8414.59.90 |

২। আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানিয় পণ্যের বিবরণ:

Mini Portable Fan নামক পণ্যটি Solid Form প্রকৃতিতে আমদানি করা হবে।

৩। বর্ণিত পণ্যের সঠিক শ্রেণীবিন্যাস এবং শ্রেনীবিন্যাসের পক্ষে যুক্তিঃ

আমদানিকারক কর্তৃক প্রদত্ত পণ্যের ক্যাটালগ ও ক্যাটালগে প্রদত্ত মডেলগুলো পর্যালোচনায় দেখা যায় যে, আলোচ্য পণ্যগুলোর Commercial Name হলো Mini Portable Fan । আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত এইসএস কোড 8414,59.90।

Explanatory Notes এর Volume-4 এর পৃষ্ঠা XVI-8414-2-তে হেডিং 84.14 এর বর্ণনায় বলা হয়েছে" These machines, which may or may not be fitted with integral motors, are designed either for delivering large volumes of air or other gases at relatively low pressure or merely for creating a movement of the surrounding air.

Those of the first kind may act as air extractors or as blowers (e.g., industrials blowers used in wind tunnels). They consist of a propeller or blade-type impeller revolving in a casing or conduit, and function on the principal of rotary or centrifugal compressors.

The second types are of more simple construction, and consist merely of a driven fan rotating in free air.

Fans are used, inter alia, for ventilating mines and premises of all kinds, silos, ships; for extracting by suction dust, steam, smoke, hot gases, etc.; for drying many materials (leather, paper, textiles, paint, etc.); in mechanical draught apparatus for furnaces.

This group also includes room fans, whether or not with a tilting or oscillating device. These include ceiling fans, table fans, wall bracket fans, ring mounted fans for building into walls, window panes, etc."

বর্ণিতবস্থায়, BCT এবং Explanatory Notes এর উপর্যুক্ত ব্যাখ্যা ও সার্বিক পর্যালোচনায় দেখা যায় যে, আলোচ্য পণ্যটি Mini Portable Fan যার গঠনে Motor এবং Fan রয়েছে। সে প্রেক্ষিতে উক্ত পন্যটি Table fan, floor fan, wall fan এর সমজাতীয় পন্য বিধায় H.S. Code-8414.51.00 এ শ্রেণিবিন্যাসিত হবে। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারী করা হলো।

৪। অগ্রিম রুলিং এর কার্যকারিতা:

এই অগ্রিম রুলিং জারী হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৫। আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:

(ক) এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিতব্য পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংক্ষুব্ধ হলে রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবরে লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/-১৮.০৭.২০২৪
(মোঃ মাসুদ সাদিক)
সদস্য (গ্রেড-১) (কাস্টমস: নীতি ও আইসিটি)
ও
সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**
কমিশনার অব কাস্টমস
কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি (কমলাপুর)/ মোংলা/ পানগাঁও।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৬.১৭/ ৭৮ তারিখ: ১৮ জুলাই, ২০২৪ খ্রিঃ।

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব) /(পশ্চিম)/চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/কুমিল্লা/খুলনা/যশোর/রংপুর/বৃহৎ করদাতা ইউনিট (মূসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/(আপীল) চট্টগ্রাম/(আপীল) খুলনা।
১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।
২১-২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)/ঢাকা (দক্ষিণ)/চট্টগ্রাম।
২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।
২৪। সিস্টেমস্ ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
২৫। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২৬। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
২৭। ব্যবস্থাপনা পরিচালক, Welcome Trading, 60, Loyal Street, Patuatuly, Dhaka-1100.

১৮/৭/২৪
(তানভীর আহমেদ)
দ্বিতীয় সচিব
কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং
ও
সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট
ই-মেইল: nbrclassification@gmail.com